

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

জনপ্রশাসন মন্ত্রণালয়

১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)

সেগুনবাগিচা, ঢাকা।

www.bkbb.gov.bd

শিক্ষাবৃত্তির জন্য আবেদন করার শর্ত ও নিয়মাবলী

(শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে, আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।):

- ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীর সন্তানদের ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য 'শিক্ষাবৃত্তি' এবং সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য 'শিক্ষাবৃত্তি'র আবেদন করতে পারবেন;
- ঢাকা মহানগরীতে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ঢাকা মহানগর ও বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে নিজ নিজ বিভাগীয় কার্যালয়ে অনলাইনে আবেদন করতে হবে;
- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েব সাইট (www.bkbb.gov.bd) এর "শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন" লিংকটিতে ক্লিক করে অথবা রাউজারের এড্রেস বারে eservice.bkbb.gov.bd টাইপ করে Enter চাপুন;
- হোম পেজ থেকে "রেজিস্ট্রেশন" বাটনে ক্লিক করলে একটি পাতা আসবে। ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য কর্মচারীর ধরণ "কর্মরত" এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরণ পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরণ "কর্মরত" এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরণ "রাজস্বখাতভুক্ত" বাছাই করলে পে-ফিক্সেশন নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর দিতে হবে;
- সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে "অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত" পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরণ "অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত" বাছাই করলে কোন পে-ফিক্সেশন নম্বর লাগবে না, শুধু জাতীয় পরিচয়পত্র নম্বর দিতে হবে;
- ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীগণকে অর্থ বিভাগের পে-ফিক্সেশন এর ভেরিফিকেশন নম্বর ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীগণ জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ ডিজিটের), মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি দিয়ে "রেজিস্ট্রেশন করুন" বাটনে ক্লিক করার পর আপনার মোবাইল নম্বরে ৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড যাবে। এই কোড নম্বরটি দিয়ে "Submit" বাটনে ক্লিক করলে "অভিনন্দন, আপনার নিবন্ধন সফলভাবে সম্পূর্ণ হয়েছে" এই ম্যাসেজ টি দেখাবে। কোড প্রদানের সময়সীমা ১৫ মিনিট। অনলাইনে আবেদন করার জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে একবারই রেজিস্ট্রেশন করতে হবে;
- সফটওয়্যারে লগইন করার জন্য হোম পেজ থেকে "লগইন" বাটনে ক্লিক করে মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে;
- শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য "শিক্ষাবৃত্তির আবেদন করতে এইখানে ক্লিক করুন" এই লিংকটিতে ক্লিক করে নির্দেশাবলী অনুযায়ী পরবর্তী ধাপে আবেদন ফরম পূরণ করতে হবে;
- আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করে কর্মচারীর ছবি ও স্বাক্ষর স্ক্যান করে আপলোড করতে হবে।
- ফরম যথাযথভাবে পূরণ করে "সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করে আবেদন প্রিন্ট করুন, সংশোধন করুন, ডাউনলোড করুন ৩টি বাটন পাবেন;
- আবেদন ফরম প্রিন্ট করার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল, অফিস কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল এবং স্মারক নং ও তারিখ দিয়ে পূর্ণাঙ্গ পূরণকৃত ফরমের স্ক্যান কপি ও ছাত্র/ ছাত্রী বিগত বাৎসরিক/ বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল যে পরীক্ষায় পাস করেছে তার মূল মার্কশীট এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক/ শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক কর্তৃক সত্যায়িত করে স্ক্যান কপি এবং কর্মচারী অবসরপ্রাপ্ত হলে অবসর গ্রহণের আদেশের অথবা মৃত হলে মৃত্যুসনদের সত্যায়িত স্ক্যান কপি "চূড়ান্তভাবে দাখিল" বাটনে ক্লিক করে দাখিল করতে হবে। আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি স্ক্রিনশট পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে তার আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন;
- স্বামী/স্ত্রী উভয়ই সরকারি চাকরিতে কর্মরত হলে কেবল একজনই সন্তানদের 'শিক্ষাবৃত্তি' লাভের জন্য আবেদন করতে পারবেন;
- চাকরিরত, অনিয়মিত এবং বিবাহিত এরূপ ছাত্র/ ছাত্রীগণ এ 'শিক্ষাবৃত্তি' লাভের যোগ্য নন;
- ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বাৎসরিক/ বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ/ সিজিপিএ অর্জন করতে হবে:

শ্রেণি	'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা
মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি)	জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর
উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ)	ঐ
উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর)	নূন্যতম সিজিপিএ ২.৫

- ১৫ সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীকে পূর্ববর্তী বাৎসরিক/বোর্ড/সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ / সিজিপিএ অর্জন করতে হবে:

শ্রেণি	'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা
মাধ্যমিক (নবম – দশম শ্রেণি)	জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর
উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ)	ঐ
উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর)	নূন্যতম সিজিপিএ ২.৫

১৬. অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না।